গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অফিসার ইনচার্জ, চাটখিল থানা, নোয়াখালী
এবং
পুলিশ সুপার, নোয়াখালী
মহোদয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

(জুলাই ১, ২০১৯-জুন ৩০, ২০২০)

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: কার্যাবলী

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

## অফিসার ইনচার্জ, চাটখিল থানা, নোয়াখালী'র কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ
## (Overview of the performance of Officer Incharge, Chatkhil PS, Noakhali )

### ১.১. সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন ঃ-

১. জঙ্গিবাদ ও সন্ত্রাস দমন করা।
২. পুলিশী সেবার গতি বৃদ্ধির লক্ষ্যে বিডি পুলিশ হেল্প লাইন (BD Police Help Line) চালু করা হয়েছে।
৩. অনলাইন এর মাধ্যমে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট দেয়া।
৪. থানার সাথে উর্ধ্বতন কর্মকর্তাদের অনলাইন যোগাযোগ চালু করা।
৫. অপরাধ ও অপরাধীদের দমনের লক্ষ্যে কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করে সফলতা অর্জন করা।
৬. থানায় নিয়মিত ওপেন হাউজ ডে অনুষ্ঠান এবং জনগণের সমস্যাসমূহ শোনা, পুলিশী স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।
৭. থানা এলাকায় বিট পুলিশিং কার্যক্রম চালু করা।
৮. স্কুল, কলেজ, মদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে জঙ্গি, সন্ত্রাস ও মাদকের বিরুদ্ধে স্বোচ্ছার করা।
৯. থানা এলাকায় মাদক ব্যবসায়ীর তালিকা প্রস্তুত এবং উল্লেখযোগ্য সংখ্যক ব্যবসায়ীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা।
১০. দ্বন্দ্ব নিরসনের বিকল্প ব্যবস্থা গ্রহণ, গণ্যমান্য ব্যক্তিদের মাধ্যমে বিরোধ নিস্পত্তি করা।
১১. সড়ক দূর্ঘটনা নিয়ন্ত্রণে মালিক, চালক ও হেল্পারদের নিয়ে সচেতনতামূলক সভাসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।
১২. থানা কার্যালয়ে নারী ও শিশু বান্ধব ডেক্স স্থাপন করা।

### ১.২. সমস্যা ও চ্যালেঞ্জ সমূহঃ

➢ **গতানুগতিক সমস্যা ঃ-**

জনসংখ্যার তুলনায় অপর্যাপ্ত জনবল, লজিস্টিক সাপোর্ট যথা যানবাহন ও আধুনিক যন্ত্রপাতির অভাব, আবাসন সমস্যা এবং যুগপযোগী প্রশিক্ষণের অভাব রয়েছে। তাছাড়া জেলায় সন্ত্রাসী গ্রুপ থাকলেও এগুলোর জন্য কোন জনবল এবং প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট নাই।

➢ **সাম্প্রতিক গুরুত্বপূর্ণ সমস্যাঃ-**

এছাড়া তথ্য প্রযুক্তির বিকাশের ফলে অপরাধের ঝুঁকি সমূহ খুব দ্রুত ট্রান্সন্যাশনাল এবং আন্তর্জাতিক রূপ লাভ করেছে। চুরি, ডাকাতি, ছিনতাই, ভাংচুর এখন শুধু বস্তু কেন্দ্রিক বা অবয়ব কেন্দ্রিক নয়। কিছু কিছু ক্ষেত্রে তথ্য দ্বারা চুরি, ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজি, দৈনন্দিন এবং কৌশলগত কার্যক্রম অচল করা/ভেঙ্গে দেয়ার ঘটনা ঘটছে সাইবার জগতে। দ্রুত সম্প্রসারিত তথ্য সমাজে সংস্কৃতির ওপর আঘাত, আগ্রাসন, অন্তর্ঘাতমূলক তৎপরতা ঘটছে ব্যাপক। চুরি, ডাকাতির অস্ত্র, নতুন নতুন ম্যালওয়ার, র‍্যানসমওয়ার, হ্যাকিং পদ্ধতি নিত্য নতুন রূপ ধারন করে আসছে প্রতিদিন। বাংলাদেশ ব্যাংকের অর্থ চুরির ঘটনা এটার সবচেয়ে বড় উদাহরণ। ফলে এতকাল ধরে চলে আসা গতানুগতিক অপরাধ ব্যবস্থাপনা, প্রযুক্তি, প্রশিক্ষণ, পুলিশি তৎপরতা এই যুগে এসে ধাক্কা খাচ্ছে। সুরক্ষিত সীমান্ত, সুরক্ষিত দেয়াল, টহলরত প্রহরী অক্ষম হয়ে পড়ছে এই নতুন ধরনের অপরাধ প্রতিরোধে। এখন প্রয়োজন হচ্ছে সাইবার ওয়াল, সাইবার প্যাট্রল, সাইবার নিরাপত্তা। জমি দখল, বাড়ী ভাংচুরের মত চ্যালেঞ্জ গুলোর মত মানুষকে দখল বা এজেন্ট সৃষ্টি করা হচ্ছে। অন্তর্ঘাত করে মানুষের মধ্যে বা সমাজে হঠাৎ ধর্মীয় এবং সাংস্কৃতিক বিতর্ক, দ্বন্ধ উত্তেজনা সংঘাত ছড়িয়ে দেয়া হচ্ছে। তাই আজকে রাজপথে টহলের মতই প্রয়োজন হয়ে পড়েছে সাইবার প্যাট্রল। সমাজে দৃশ্যমান নতুন ঝুঁকি চিহ্নিত করার মতই প্রয়োজন হয়ে পড়েছে সাইবার ঝুঁকি চিহ্নিত করা, নতুনভাবে সৃষ্ট সাইবার ঝুঁকিকে দ্রুত নিয়ন্ত্রণ করা। আজকের অপরাধ প্রতিরোধে পুলিশের প্রয়োজনীয় যুগোপযোগী প্রযুক্তি, প্রশিক্ষণ, দক্ষ জনবল, বিশেষজ্ঞ এবং আর্থিক ও অন্যান্য সমস্যা রয়েছে।

বিশ্বে চলমান রাজনীতিজাত সাংস্কৃতিক লড়াই বর্তমানে সামরিক শক্তি প্রয়োগে গড়িয়েছে। যার প্রধান ফসল হলো বিদ্বেষমূলক প্রচারণা ও জঙ্গীবাদ ছড়ানো। গত এক বছর ধরে বাংলাদেশের বিভিন্ন স্থানে এই সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যা নিয়ন্ত্রণের জন্য সমাজের সকল শ্রেণি পেশার মানুষকে সচেতন, উদ্বুদ্ধ করা এবং অংশীদারিত্বমূলক অবদান নিয়ে আসতে হবে। সে ক্ষেত্রে জনগণ এবং গণমাধ্যমের সাথে পুলিশি যোগাযোগ এবং সহযোগিতার ক্ষেত্র বাড়াতে হবে।

## ১.৩. ভবিষ্যৎ পরিকল্পনাঃ-

১. কার্যকরভাবে অপরাধ দমন ও উদঘাটন করা।

২. আইনের কাঠোর ও ন্যায়সংগত প্রয়োগ নিশ্চিত করা।

৩. ওয়ান স্টপ সার্ভিস সেন্টার ও অনলাইন সেবার মাধ্যমে দ্রুততর এবং কার্যকরভাবে পুলিশি সেবা প্রদান।

৪. কমিউনিটিং পুলিশিং এবং বীট পুলিশিং ব্যবস্থাকে কার্যকরভাবে সম্প্রসারণ করা।

৫. গণমাধ্যমের সাহায্যে ইতিবাচক প্রচারণা বৃদ্ধি করা। নেতিবাচক প্রচারণা গুলো দ্রুত খন্ডানো। নানা ক্ষেত্রেই এডভোকেসি করা যাতে জনগণের দৃষ্টিভঙ্গি, জনমত ইতিবাচক হয়।

৬. থানায় সাইবার ক্রাইম প্রতিহত করণ, নিয়ন্ত্রণ এবং উদঘাটনকারি ইউনিট সৃষ্টি করা।

৭. থানায় এ্যাকটিভ ট্র্যাকার সরবরাহের মাধ্যমে জঙ্গী, সন্ত্রাসী, অপরাধীদের অবস্থান নির্ণয়, গ্রেফতার এবং বিচারের জন্য সোর্পদ করা।

## ১.৪. ২০১৮-২০১৯ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-

১. অপরাধ নিয়ন্ত্রণ, প্রতিহত করণ এবং উদঘাটনের মাধ্যমে মানুষকে শান্তি ও নিরাপত্তা দেয়া এবং দেশের সমৃদ্ধির পথ প্রশস্ত করা।

২. জঙ্গীবাদ নিয়ন্ত্রণে অভিযান জোরদার করা, জনগনকে সম্পৃক্ত করা ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করা।

৩. মাদক বিরোধী অভিযান জোরদার করা।

৪. শিল্পাঞ্চলে বিনিয়োগ বান্ধব নিরাপত্তা প্রদান করা।

৫. পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করা।

৬. প্রবাসী ও বিদেশী নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা।

৭. পরিবেশ বিনষ্টকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া।

৮. রোহিঙ্গা শরণার্থীরা যাতে অত্র জেলায় অবস্থান করতে না পারে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা।

৯. থানা এলাকায় সন্ত্রাসী কার্যকলাপের বিরুদ্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।

১০. বিভিন্ন বিদেশী প্রতিষ্ঠান ও নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা।

## উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প (Vision) ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অফিসার ইনচার্জ, চাটখিল থানা, নোয়াখালী
এবং
পুলিশ সুপার, নোয়াখালী

এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

২.১. রূপকল্প (Vision) ঃ শান্তি, নিরাপত্তা এবং উন্নয়ন বান্ধব পুলিশি ব্যবস্থা গড়ে তোলা।

২.২. অভিলক্ষ্য (Mission)ঃ নিরাপত্তা লাগসই প্রযুক্তির সর্বোত্তম সংগ্রহ, ব্যবহার করা। ডিজিটাল বাংলাদেশের নিরাপত্তা উপযোগী জনবল সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি এবং নিরাপত্তা সেবা প্রদান।

### ২.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ

১. জননিরাপত্তা ও জনশৃংখলা সুসংহত করা।

২. সমাজ ও প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বৈশ্বিক নিরাপত্তা ঝুঁকি পর্যালোচনা এবং পুলিশি নিরাপত্তা নিশ্চিত করা। জঙ্গীবাদ দমনে বিশেষ দক্ষতা অর্জন, প্রশিক্ষণ ও বিশেষ অস্ত্র প্রদান।

৩. নিরাপত্তা কাজে জনগণের অংশীদারিত্ব প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ করা।

৪. সামাজিক ও বানিজ্যিক গণমাধ্যমকে সামাজিক শৃংখলা ও নিরাপত্তা প্রতিষ্ঠায় জনমত গঠনের কাজে ব্যবহার করা।

৫. কার্যকরভাবে অপরাধ দমন এবং অপরাধ উদঘাটনের উদ্দেশ্যে বৈজ্ঞানিক উপায়ে অপরাধ তদন্তে দক্ষ, পেশাদার এবং যুগোপযোগী পুলিশ বাহিনী গড়ে তোলা।

৬. মামলার তদন্তের তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ।

### ২.৪. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. অপরাধ দমন ও নিয়ন্ত্রণ।

২. জনসাধারণের সাথে নিবিড় সম্পর্ক স্থাপন।

৩. জঙ্গী, সন্ত্রাস দমন ও সচেতনতা বৃদ্ধি।

৪. জেন্ডার বেইজড় পুলিশীং কার্যক্রম।

৫. পুলিশীং কার্যক্রমে আইসিটি চালু করা।

৬. পরিবর্তনশীল ঝুঁকি ব্যবস্থাপনা উপযোগী প্রযুক্তি, প্রশিক্ষণ, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সাধন।

৭. স্বচ্ছতা এবং জবাবদিহিতার জন্য গণমাধ্যমের সাথে তথ্য প্রবাহ বৃদ্ধি এবং ওপেন হাউজ ডে'র কার্যক্রম বাড়ানো।

৮. নতুন অপরাধ পর্যবেক্ষণ, সেগুলো মোকাবেলায় কার্যপদ্ধতি নির্ধারণ এবং জনগণকে দেয়া নিরাপত্তা সেবার মানোন্নয়ন।

৯. গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিশ্চিদ্র নিরাপত্তা নিশ্চিত করা।

১০. নির্বাচনী পরিবেশ রক্ষা করা।

## ২.৫. কার্যাবলী (Functions)ঃ

১. কমিউনিটি পুলিশিং গঠন, নিয়ন্ত্রণ ও তদারকিকরণ।

২. সকল শ্রেণি পেশার লোকদের নিয়ে থানা অঙ্গনে ওপেন হাউজ ডে আয়োজন করা।

৩. ইউনিয়ন পর্যায়ে বিট পুলিশিং গঠন ও কার্যক্রম চালুকরণ।

৪. প্রতিটি থানায় উইমেন হেল্পডেস্ক স্থাপন।

৫. প্রতিটি থানায় শিশু বান্ধব অফিসার পদায়ন ও কার্যকর করা।

৬. জেলা ও থানা পর্যায়ে মিডিয়া অফিসারের দায়িত্ব পদায়ন যাতে গণমাধ্যমগুলো পুলিশের কার্যক্রম সম্পর্কে অবগত হয়।

৭. থানা পর্যায়ে ওয়েব সাইট চালুকরন।

৮. দৃশ্যমান পুলিশিং তথা ফুট পেট্রোল, মোবাইল পোট্রোল, স্ট্র্যাটিক পেট্রোল জোরদারকরণ।

৯. রাজপথে অপরাধ দমন ও নিয়ন্ত্রণে থানাধীন হাইওয়েতে পেট্রোলিং এর ব্যবস্থা।

১০. পলাতক ঘোষিত অপরাধীদের গ্রেফতার ও কোর্টে প্রেরণ।

১১. সংঘবদ্ধ অপরাধ বিশেষ করে মাদক, চোরাচালান, অবৈধ অস্ত্রধারী প্রভৃতি অপরাধীদের তালিকা প্রস্তুত ও তদানুযায়ী কার্যক্রম গ্রহণ।

১২. প্রতিটি থানা সার্বক্ষণিক কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে।

১৩. ক্রিমিনাল জাষ্টিস সম্পর্কিত সকল ইউনিটের সাথে সমন্বয় ও সহায়তা করণ।

১৪. মানসম্পন্ন তদন্ত করা ও অপরাধ উদঘাটন করণ।

১৫. সন্ত্রাসী কার্মকান্ডমূলক যে কোন ধরনের ঘটনায় প্রতিরোধ, প্রতিহতকরণ এবং উদঘাটন।

১৬. থানায় প্রশিক্ষিত কাউন্টার টেররিজম ইউনিট গঠন।

১৭. ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহে বাড়ির মালিকদের উদ্বুদ্ধকরণ ও থানা পুলিশের কাছে তথ্য সরবরাহ করণ।

১৮. স্কুল, কলেজ ও মাদ্রাসায় জঙ্গীবাদ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সভার আয়োজন।

১৯. ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াতে জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রচারণা।

২০. উইমেন হেল্প ডেস্কে মহিলা পুলিশ মোতায়েন।

২১. থানায় ভিকটিম সাপোর্ট সেন্টার স্থাপন।

২২. মহিলা ভিকটিম/আসামীদের অধিকার সংরক্ষণ। এ ব্যাপারে সকল পুলিশকে Sensitive করা।

২৩. ক্রিমিনাল রেকর্ড সংরক্ষণ করার জন্য CDMS ব্যবস্থা কার্যকর করা।

২৪. পর্যায়ক্রমে থানা সদরের গুরুত্বপূর্ণ মার্কেট ও স্থাপনাসমূহকে সিসিটিভির আওতায় নিয়ে আসা।

২৫. ই-লার্নিং এ উদ্বুদ্ধকরণ।

২৬. অপরাধ তদন্তে, অপরাধীকে গ্রেফতারে প্রযুক্তি এবং তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

**CDMS- Crime Data Management System.**

**আইসিটি-ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি।**

ই-লার্নিং- ইলেকট্রনিক লার্নিং।

BD- Bangladesh
DR-Daily Report
WCR-Weakly Confidentional Report
SR-Spacial Report
NCB-National Central Bureau
A Roll-Absconder Roll
B Roll-Bad character Roll
CDR-Call data Record

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strateg | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ার ২০১৯-২০২০ (Taraget/criteria value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) 2020-2021 | প্রক্ষেপণ (Projecton) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১। আইনের শাসন জোরদারকরণ | ৪০ | ১.১ অপরাধ ব্যবস্থাপনা | ১.১.১ অপরাধ তদন্ত নিস্পত্তি | সংখ্যা | ২০ | ৩১০ | ৩২৫ | ৩৩৫ | ৩০১ | ২৬৮ | ২৩৪ | ২০১ | - | - |
| | | | ১.১.২ সনাক্তকৃত অপরাধী | সংখ্যা | ৫ | ৭০০ | ৭১৬ | ৭২০ | ৬৪৮ | ৫৭৬ | ৫০৪ | ৪৩২ | - | - |
| | | | ১.১.৩ গ্রেফতার কার্যকরণ ও গ্রেফতারী পরোয়ানা তামিল | সংখ্যা | ৫ | ৯৮০ | ১০২৬ | ১০৫০ | ৯৪৫ | ৮৪০ | ৭৩৫ | ৬৩০ | - | - |
| | | | ১.১.৪ সমন ও পিএন্ডএ জারীকরণ | সংখ্যা | ১০ | ৩২০০ | ৩৩৮২ | ৩৪০০ | ৩০৬০ | ২৭২০ | ২৩৮০ | ২০৪০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strateg | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পদন সূচকের মান (Weight of Performance | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ার ২০১৯-২০২০ (Taraget/criteria value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) 2020-2021 | প্রক্ষেপণ (Projecton) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ২। জনশৃংখলা নিয়ন্ত্রণ | ২০ | ২.১ জনশৃংখলা ব্যবস্থাপনা | ২.১.১ জন-শৃংখলা ব্যবস্থাপনায় গৃহীত | কর্মঘন্টা | ২০ | ১০০০০০ | ১০৮৪৭০ | ১১০০০০ | ৯৯০০০ | ৮৮০০০ | ৭৭০০০ | ৬৬০০০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ার ২০১৯-২০২০ (Taraget/criteria value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) 2020-2021 | প্রক্ষেপণ (Projecton) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ | ১০ | ৩.১ সেবা প্রদান ব্যবস্থাপনা | ৩.১.১ সেবা গ্রহীতার সংখ্যা | সংখ্যা | ৫ | ১৮০০ | ১৮৫০ | ১৯০০ | ১৭১০ | ১৫২০ | ১৩৩০ | ১১৪০ | - | - |
| | | | ৩.১.২ সাধারণ ডায়েরী (GD) সংক্রান্ত কার্যক্রম (নিস্পত্তিকৃত) | % | ৫ | ৭৫ | ৮০ | ৮৫ | ৭৬ | ৬৮ | ৫৯ | ৫১ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ার ২০১৯-২০২০ (Taraget/criteria value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) 2020-2021 | প্রক্ষেপণ (Projecton) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৪। অপরাধ নিবারণমূলক কার্যক্রম | ১০ | ৪.১ আইন-শৃংখলা রক্ষায় জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণ | ১.৫.১ ওপেন হাউজ ডে'র সংখ্যা | সংখ্যা | ৩ | ১০ | ১২ | ১৪ | ১২ | ১১ | ১০ | ৮ | - | - |
| | | | ১.৫.২ অপরাধ বিরোধী সভার সংখ্যা | সংখ্যা | ৩ | ১০ | ১২ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৯ | - | - |
| | | | ১.৫.৩ ফৌজদারী অপরাধ ব্যতীত বিকল্প বিরোধ নিস্পত্তির সংখ্যা | সংখ্যা | ২ | ৩৭৫ | ৩৮৭ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | - | - |
| | | | ১.৫.৪ জনসংযোগ সভার সংখ্যা | সংখ্যা | ২ | ২০ | ২৪ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | - | - |

## মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

মোট নম্বর-২০

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Exceient) ১০০% | অতি উত্তম (very good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (poor) ৬০% |
| ১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | ১.১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১.১.১। সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | ১.১.২। এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ |
| | | | ১.১.৩। ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | সংখ্যা | ১ | ২ | - | - | - | - |
| | | | ১.১.৪। ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বর্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ১ | ৯ জানুয়ারী ২০২০ | ১৫ জানুয়ারী ২০২০ | ২০ জানু ২০২০ | ২৭ জানুয়ারী ২০২০ | ২ ফেব্রু ২০২০ |
| | | ১.২। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | ১.২.১। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ |
| | | ১.৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ১.৩.১। নির্দিস্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ |
| | | | ১.৩.২। অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪২ |
| | | ১.৪। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | ১.৪.১। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ০.৫ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ |
| | | | ১.৪.২। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪২ |
| | | | ১.৪.৩। সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসে ২০১৯ | ১৫ জানু. ২০২০ | ৭ ফেব্রু ২০২০ | ২৭ ফেব্রু ২০২০ | ২৮ ফেব্রু ২০২০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excelent) ১০০% | অতি উত্তম (very good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (poor) ৬০% |
| কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | ২.১। ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ২.১.১। সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ২ | - | - | - | - | - |
| | | | ২.১.২। ই-ফাইলে নথি নস্পত্তিকৃত | % | ১ | - | - | - | - | - |
| | | | ২.১.৩। ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | - | - | - | - | - |
| | | ২.২। উদ্ভাবনী উদ্দোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | ২.২.১। ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ২ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ মার্চ ২০২০ | ১ এপ্রিল ২০২০ | ৮ এপ্রিল ২০২০ |
| | | ২.৩। পিআরএল শুরুর দুই মাস পূর্বে সংশ্লিস্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | ২.৩.১। পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ২.৩.২। ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ২.৪। তথ্য বাতায়ন হালনাগাদ করণ | ২.৪.১। অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excelent) ১০০% | অতি উত্তম (very good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (poor) ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | ৩.১। বাজেট বাস্তবায়নে উন্নয়ন | ৩.১.১। বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগস্ট ২০১৯ | ২০ আগস্ট ২০১৯ | ২৪ আগস্ট ২০১৯ | ২৮ আগস্ট ২০১৯ | ৩০ আগস্ট ২০১৯ |
| | | | ৩.১.২। ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ৩.২। স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | ৩.২.১। স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ৩ ফেব্রুয়ারী ২০২০ | ১১ ফেব্রুয়ারী ২০২০ | ১৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৫ ফেব্রুয়ারী ২০২০ | ৪ মার্চ ২০২০ |
| | | | ৩.২.২। অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ৩ ফেব্রুয়ারী ২০২০ | ১১ ফেব্রুয়ারী ২০২০ | ১৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৫ফেব্রুয়ারী ২০২০ | ৪ মার্চ ২০২০ |
| | | ৩.৩। অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৩.৩.১। ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | ৩.৩.২। অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | ৩.৪। ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | ৩.৪.১। বিসিসি/বিটিসিএল এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | ৩.৪.২। টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | ৩.৪.৩। বিদ্যু বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি মোঃ আনোয়ারুল ইসলাম, অফিসার ইনচার্জ, চাটখিল থানা, নোয়াখালী পুলিশ সুপার, নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মোঃ ইলিয়াছ শরীফ, বিপিএম-সেবা (বার), পিপিএম-সেবা, পুলিশ সুপার, নোয়াখালী অফিসার ইনচার্জ, চাটখিল থানা, নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

| | |
|---|---|
| ..................................................................... | ......................................... |
| মোঃ আনোয়ারুল ইসলাম<br>অফিসার ইনচার্জ<br>চাটখিল থানা, নোয়াখালী। | **তারিখ** |
| ..................................................................... | ......................................... |
| মোঃ ইলিয়াছ শরীফ, বিপিএম-সেবা (বার), পিপিএম-সেবা<br>পুলিশ সুপার<br>নোয়াখালী | **তারিখ** |

## সংযোজনী-২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণঃ-

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা ঝুঁকি পর্যালোচনা | DR, WCR, SR | ডিএসবি কর্তক/থানা কর্তৃক প্রতিদিনের/সাপ্তাহিকের রিপোর্ট। বিশেষ পরিস্থিতিতে অপরাধ/রাজনৈতিক/জঙ্গি প্রভৃতি ইস্যুভিত্তিক ইন্টেলিজেন্স সংগ্রহ। | ডিএসবি/থানা/তদন্ত কেন্দ্র/ফাঁড়ি। | DR/GD/ক্রাইম চার্ট/ক্রাইম ম্যাপ | |
| ০২ | অপরাধ প্রতিহতকরণ | পুলিশী টহল | প্রতিটি থানায় দিনে রাতে টহল/জরুরী অভিযান। | ডিএসবি/থানা/তদন্ত কেন্দ্র/ফাঁড়ি। | MCC/PCC/GD/PD, তত্বাবধান পরিদর্শন | |
| ০৩ | অপরাধীকে গ্রেফতার | অভিযান/তল্লাশী | নিয়মিত মামলার আসামী ও পরোয়ানভূক্ত আসামী গ্রেফতার। | ডিএসবি/থানা/তদন্ত কেন্দ্র/ফাঁড়ি। | WA মামলার আসামী/GD/PD/CC, তত্বাবধান পরিদর্শন | |
| ০৪ | বিশেষ অভিযান | ব্লক রেইড/ এস ড্রাইভ | এক/একাধিক থানা/জেলার বিশেষ এলাকা জুড়ে অভিযান। | এ্যাডিশনাল এসপি/এএসপি(অপরাধ) এর নেতৃত্বে জেলা/থানা/ডিবি পুলিশ। | DSB রিপোর্ট, মর্নিং রিপোর্ট, তত্বাবধান পরিদর্শন | |
| ০৫ | অপরাধীর গতি নিয়ন্ত্রণ | রাজপথে/রাস্তায় নিয়মিত/হঠাৎ চেক/সার্চ | সন্দিগ্ধ ব্যক্তি/বস্তু/ গাড়ী তল্লাশী | হাইওয়ে পুলিশ/থানা থানা পুলিশ। | গ্রেফতারকৃত/উদ্ধারকৃত/পূর্ববর্তী অপরাধ নিয়ন্ত্রণ/নিয়ন্ত্রণহীনতা/বার্ষিক রিপোর্ট। | |
| ০৬ | নিরীক্ষণ | অপরাধী বা সন্দিগ্ধ ব্যক্তির গতিবিধি মূল্যায়ন | ডিএসবি, থানা ও ফাঁড়ি তালিকাভূক্ত ব্যক্তিদের নিরীক্ষণকরণ। | ডিএসবি/থানা/ চৌকিদার/গ্রাম পুলিশ। | কৃষ্ণপক্ষ এবং শুক্লপক্ষে সন্দিগ্ধের গতিবিধি লক্ষ করা। কারণ কাদের সাথে মেলামেশা করছে, জীবন ধারা, প্রযুক্তি বা অস্ত্রশস্ত্র ও আদর্শগত ঐক্য বা গ্যাং এর সদস্যদের চিহ্নিত করা। DR, GD, 'A' রোল 'B' রোল | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জঙ্গীবাদ সম্পর্কিত ইন্টেলিজেন্স সংগ্রহ করা, অভিযান পরিচালনা এবং ঝুঁকি নিয়ন্ত্রন করা। | DR/WCR/SR/বিশেষ সোর্স বা এজেন্ট এর দেয়া তথ্য সংগ্রহ এবং প্রযুক্তির মাধ্যমে ইন্টারসেপশন। | DSB/DB/থানা রিপোর্ট/ CTU/HQ/SB/CID এর মাধ্যমে প্রাপ্ত ইন্টেলিজেন্স। | সংশ্লিষ্ট জেলা ও CTU | অভিযানের সংখ্যা ও অভিযানের সাফল্য গ্রেফতার/বন্দুক যুদ্ধ এবং জিজ্ঞাসাবাদে প্রাপ্ত তথ্য, মর্নিং রিপোর্ট, মাসিক রিপোর্ট | |
| ০২ | ইন্টার পোলের সাথে তথ্য বিনিময় এবং কার্যকর ব্যবস্থা নেয়া। | NCB-এর মাধ্যমে প্রাপ্ত Red নোটিশ এবং NCB এর মাধ্যমে কোন প্রবাসী অপরাধীদের অবস্থান নির্ণয়। | বিদেশী কোন অপরাধীকে বিচারের জন্য সোপর্দ এবং প্রবাসী অপরাধীকে দেশে ফিরিয়ে আনা। | NCB, SB, ইমিগ্রেশন এবং জেলা পুলিশ | চাহিত আসামীর আদান প্রদানের সংখ্যার তুলনামূলক বিশ্লেষণ, মর্নিং রিপোর্ট, মাসিক রিপোর্ট। | |
| ০৩ | সাইবার অপরাধ দমন। | সাইবার অপরাধ দমন নির্ণয় করা, প্রতিহত করা এবং উদঘাটন করা। | ইন্টারনেট, সামাজিক গণমাধ্যম, প্যাট্রলকরা, সাইবার অপরাধ প্রতিমূহুর্তে চিহ্নিত করা, প্রতিকার করা, উদঘাটন করা। | প্রযুক্তি এবং প্রশিক্ষিত জনবলের অভাব রয়েছে। | | - |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কমিউনিটি পুলিশিং | অপরাধ প্রতিরোধে জনগণের অবদান/অংশিদারিত্বমূলক প্রোএকটিভ ব্যবস্থা সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও অংশগ্রহনে উদ্বুদ্ধ করা। | প্রতিমাসের কমিউনিটি পুলিশিং সভা, গ্রাম/ইউপি/থানা এলাকায় সভাসমাবেশ করা। | থানা ও জেলা পুলিশ | মাসিক পরিকল্পনা এবং বাস্তবায় রিপোর্ট ও ছবি/ভিডিও | |
| ০২ | ভাড়াটিয়াদের তথ্য সম্পর্কে তথ্য আদায়ের মাধ্যমে অপরাধীর আশ্রয় প্রশ্রয় নিয়ন্ত্রন | আত্মগোপনে থাকা অপরাধী চিহ্নিত করণ, ভাড়াটিয়া সম্পর্কে প্রতিসপ্তাহের চৌকীদারি প্যারেড রিপোট/জিডি/বি-রোল | ভাড়াটিয়াদের তালিকা প্রস্তুত। মেজ, ভাড়াটিয়া বাড়ি, হোটেল, রেস্টুরেন্ট এ তল্লাশী | থানা/ডিবি/ডিএসবি | ভাড়াটিয়ার তালিকা, চৌকীদারি প্যারেড, জিডি, বি-রোল পর্যালোচলনা করা | |
| ০৩ | জনগণের কাজ থেকে অগ্রিম ইন্টেলিজেন্স সংগ্রহ | অপরাধ সংঘটনের আগেই ঘটনা সম্পর্কে চৌকীদার জনগণ কর্তৃক পুলিশকে তথ্য দেয়া | কমিউনিটি পুলিশি, জনগণ, চৌকীদারকে উদ্বুদ্ধকরণ | থানা/ফাঁড়ি/বিটপুলিশ/জেলা | জিডি, চৌকীদারি প্যারেড, নন-এফআইআর প্রসিকিউশন দাখিল | |
| ০৪ | সন্দেহজনক ব্যক্তি অপরাধী সম্পর্কে তথ্য দেয়া | এলাকার ত্যগি ব্যক্তি এবং আগন্তকদের তালিকা তৈরি | এ-রোল, বি-রোল ইস্যু করা | থানা/ফাঁড়ি/তদন্তকেন্দ্র | ইস্যুকৃত এ-রোল, বি-রোল | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ফেইসবুক, টুইটারসহ সামাজিক ও বানিজ্যিক গণ মাধ্যমে মানুষকে চলমান ঝুঁকি সম্পর্কে নিরাপত্তা টিপস্ দেয়া | বিশেষ ঈদ উপলক্ষে যেমন, ঈদ, পূজা, পহেলা বৈশাখে নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে জানানোর লক্ষ্যে বিজ্ঞাপন, প্রেস বিজ্ঞপ্তি, প্রেস কনফারেন্স, ক্যাবল টিভি, ফেইসবুক ও টুইটার | ইস্যুভিত্তিক | থানা/জেলা/মেট্রোপলিটন পুলিশ/পুলিশ হেডকোয়ার্টার্স | এআইজি মিডিয়া, ডিসি মিডিয়া, জেলার মিডিয়া কর্মকর্তার কাছে রক্ষিত ফাইল সমূহ | |
| ০২ | মানুষের নিরাপত্তা সম্পর্কে ডিজিটার পদ্ধতিতে তথ্য নেয়া এবং সেবা প্রদান (BD police online) | BD police online/internet/email মাধ্যমে তথ্য সংগ্রহ | থানা, জেলা, রেঞ্জ এবং H.Q দৈনন্দিন মনিটর, সেবা ও ফিডব্যাক দেয়া | থানা ও জেলা | রক্ষিত ডাটাবেজ | |
| ০৩ | নিরাপত্তা ঝুঁকি সমূহ এবং অভিযান কৌশল কার্যক্রম শেয়ার করা | ভাইবার ও হোয়াটঅ্যাপের মাধ্যমে প্রতিমূহূর্তে চলমান | ইস্যুভিত্তিক | থানা/জেলা/মেট্রোপলিটন পুলিশ/পুলিশ হেডকোয়ার্টার্স | দৈনন্দিন তথ্য প্রবাহ পর্যালোচনা ও মূল্যায়ন | |
| ০৪ | ইতিবাচক জনমত গঠন | সামাজিক, বানিজ্যিক গণমাধ্যমে ব্যক্তিগত, সামাজিক ও রাষ্ট্রিয়ভাবে চাঞ্চল্যকর তথ্য প্রকাশের সাথে সাথে প্রতিকার করা। মিথ্যা প্রচারণা খন্ডানো। পুলিশ সম্পর্কে ভূল প্রচারণা বা ভুল ধারনা সংশোধনের জন্য এডভোকেসি করা। | ইস্যুভিত্তিক | থানা/জেলা/মেট্রোপলিটন পুলিশ/পুলিশ হেডকোয়ার্টার্স | এআইজি মিডিয়া, ডিসি মিডিয়া, জেলার মিডিয়া কর্মকর্তার কাছে রক্ষিত ফাইল সমূহ | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিজ্ঞান ভিত্তিক তদন্ত নিশ্চিত করা | ক্রাইমসীন সংরক্ষণ বৈজ্ঞানিক তদন্ত টুলস্ ব্যবহার উপযোগী প্রশিক্ষণ প্রদন | DRBTH, CID সিডিউল ভূক্ত মামলা সমূহ | থানা, ডিবি, সিআইডি, পিবিআই | সংশ্লিষ্ট ইউনিটের রেকর্ডপত্রাদি | |
| ০২ | উপরোক্ত কাজের উপযোগী প্রযুক্তি প্রদান | তদন্ত টুলস্ ক্রাইমসীন ভ্যান | প্রত্যেক থানা, জেলা ইউনিটের তদন্ত টুলস্, ঢাকাস্থ সিআইডিতে ক্রাইমসিন ভ্যান | থানা, ডিবি, সিআইডি, পিবিআই | রেজিস্টার, মামলার রেকর্ডপত্র | |
| ০৩ | অবিস্ফোরিত বোমা নিষ্ক্রিয়করণ | বোমা বিস্ফোরনে বিশেষজ্ঞ প্রশিক্ষণ দেয়া এবং প্রযুক্তি ব্যবহার | সোয়াত ইউনিট গঠন, কাউন্টার টেরোরিজম ইউনিট গঠন | প্রত্যেক জেলা | ইস্যুভিত্তিক | |
| ০৪ | জঙ্গিবাদ দমন | কাউন্টার টেরোরিজম ইউনিট গঠন, প্রশিক্ষণ | জঙ্গি নেটওয়ার্ক চিহ্নিত করা ইন্টেলিজেন্স সংগ্রহ, অভিযান পরিচালনা করা। | DMP CTU জেলা CTU | ইন্টেলিজেন্স, অভিযান, গ্রেফতার, | |
| ০৫ | অপরাধ তথ্য বিশ্লেষন | সিডিএমএস এর মাধ্যমে অপরাধীর প্রাক চরিত্র, প্রাক সাজা প্রভৃতি তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও মূল্যায়ন | প্রত্যেকটি মামলার আসামীর ব্যক্তিগত তথ্যাদি ডাটাবেজে অন্তরভূক্ত করা, প্রাক চরিত্র, সাজা, বর্ধিত সাজার ক্ষেত্রে তথ্যাদি ব্যবহার করা। | থানা, ডিবি, সিআইডি, পিবিআই | মামলা রেকর্ড ভিত্তিক/ব্যক্তি রেকর্ড ভিত্তিক | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিভিন্ন মোবাইল অপারেটরদের সাথে সমন্বয় সাধন | চুক্তি সম্পাদন | সবগুলো মোবাইল অপারেটরদের সাথে চুক্তি সম্পাদন | পুলিশ হেডকোয়ার্টার্স/স্বরাষ্ট্র মন্ত্রনালয় | চুক্তিপত্র | |
| ০২ | সিডিআর সংগ্রহ, রিডিং | মামলা ভিত্তিক অপরাধী/সন্দিগ্ধের মোবাইল সিডিআর সংগ্রহ | মামলা ভিত্তিক অপরাধী/সন্দিগ্ধ ভিত্তিক অপরাধী | তদন্তকারী প্রতিষ্ঠান সমূহ | চাহিত তথ্য এবং প্রাপ্ত তথ্য | |
| ০৩ | সিডিএমএস | অপরাধীর তথ্য সংগ্রহ, সংরক্ষণ, তুলনামূলক বিশ্লেষণ ও মূল্যায়ন | আসামীদের/সন্দিগ্ধদের প্রাক চরিত্র, সাজা বিশ্লেষণ, জামিন শুনানি, চার্জশীটে উল্লেখ করা, বর্ধিত সাজার ক্ষেত্রে রেকর্ড উল্লেখ করা। | তদন্তকারী ও তদন্তকারী সংস্থা | মামলা ভিত্তিক | |

## সংযোজনী-৩: অন্যান্য দপ্তরের নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | মেডিকেল কলেজ ও জেলা সিভিল সার্জন অফিস | মেডিকেল রিপোর্ট/পোস্ট মর্টেম রিপোর্ট | যথাসময়ে মেডিকেল রিপোর্ট প্রদান | মামলার ঘটনায় বিশেষজ্ঞ মতামত বিজ্ঞ আদালাতে উপস্থাপন করা ও মামলার গতি প্রকৃতি নিধারণে ভূমিকা রাখা। | ৯০% | প্রকৃত ঘটনা উদ্ঘাটন না হওয়া ও দোষী ব্যক্তি বিচারের সম্মুখীন না হওয়া। |
| আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | জেলা জর্জ কোর্ট ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট<br>CJM Court | পিপি ও এপিপি কর্তৃক মামলা পরিচালনা | রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনা | রাষ্ট্রপক্ষের মামলার পরিচালণায় আইনি পরামর্শ প্রদান | ৯০% | মামলা পরিচালনায় বিঘ্ন ঘটবে ও মামলা নিস্পত্তি হবে না। |
| সড়ক যোগাযোগ মন্ত্রণালয় | জেলা BRTA অফিস | দুর্ঘটনা কবলিত গাড়ির ফিটনেস সংক্রান্ত তথ্য প্রদান | দুর্ঘটনায় জড়িত গাড়ির যান্ত্রিক ত্রুটি যাচাই করণ। | সড়ক দুর্ঘটনা মামলা তদন্তে বিশেষজ্ঞ মতামত | ৯০% | সড়ক দুঘটনায় মামলার ন্যায় বিচার বিঘ্নিত হবে। |